

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৮৯৯.১৫- ০২৭

তারিখ: ২৪/০১/২০২৩

বিষয়ঃ সতর্কীকরণ।

সূত্র: স্মারক নম্বর: ৪৭.৬২.৭৮৬৬.০০০.০২.১০০.২২-৯২১ তারিখ: ১৮/১২/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি প্রকল্প দপ্তরের স্মারক নম্বর: ১০৯ তারিখঃ ১৪/১২/২০২১ মূলে জারিকৃত নির্দেশনা অমান্য করে সদস্যদের কিস্তি আদায়ের হার ৭৫% না হওয়া এমনকি এককালীন ঋণের অর্থ পরিশোধ করা সত্ত্বেও বারবার ঋণ প্রদান করার বিষয়টি স্বীকার করেছেন। এছাড়া সদস্যদের/সমিতির পূর্বের ঋণ সম্পূর্ণ পরিশোধ না হওয়া সত্ত্বেও খাতাপত্রে জালিয়াতি করে সম্পূর্ণ পরিশোধ দেখিয়ে পুনরায় ঋণ বিতরণপূর্বক অপরিশোধিত ঋণ বিতরণকৃত ঋণ হতে আদায় করে/কেটে রেখে ব্যাংকে জমা প্রদান করার বিষয়টি সঠিক নয় মর্মে ব্যক্ত করেছেন। তবে হিসাব সহকারী কর্তৃক হিসাব সংরক্ষণে অনিয়মের বিষয়টি আপনার ব্যাখ্যায় প্রমাণিত। যেহেতু আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে ক্ষমা প্রার্থনা করেছেন, সেহেতু আপনাকে এবারের মত ক্ষমা করে ভবিষ্যতের জন্য কঠোরভাবে সতর্ক করা হলো।

২। উল্লেখ্য, প্রকল্প দপ্তরের স্মারক নম্বর: ০১২ তারিখ: ০৪/০১/২৩ মূলে জারিকৃত নির্দেশনা মোতাবেক ঋণ কার্যক্রম পরিচালনা না করার বিষয়টি পরিলক্ষিত হলে আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ সাদেকুর রহমান
উপ প্রকল্প পরিচালক

জনাব মোঃ নেহার উদ্দীন

এআরডিও

ইরেসপো, বিআরডিবি,

কলাপাড়া, পটুয়াখালী

অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ-----।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।

সদয় জ্ঞাতার্থেঃ

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৪. অফিস নথি।